# বাংলাদেশ প্রাণিবিজ্ঞান সমিতি
# ZOOLOGICAL SOCIETY of BANGLADESH

Reg. # Dha-07864

Ref: ZSB/ 730/21

১২ ডিসেম্বর, ২০২১

Office of the Principal
M.C. College, Sylhet.
Ref..09......Date02.01.2022

অধ্যক্ষ
এম.সি সরকারি কলেজ
সিলেট।

**বিষয়ঃ বাংলাদেশ প্রাণিবিজ্ঞাণ সমিতির উদ্যোগে "৮ম প্রাণিবিদ্যা অলিম্পিয়াড ২০২১" আয়োজন প্রসঙ্গ।**

প্রিয় মহোদয়,
আমাদের শুভেচ্ছা গ্রহণ করুন।
বাংলাদেশ প্রাণিবিজ্ঞাণ সমিতি প্রতিবারের মতো এবারো **"৮ম প্রাণিবিদ্যা অলিম্পিয়াড-২০২১"** আয়োজন করতে যাচ্ছে। বিগত বছরগুলোতে আপনার প্রতিষ্ঠান 'প্রাণিবিদ্যা অলিম্পিয়াড' আয়োজনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। এ বছর 'প্রাণিবিদ্যা অলিম্পিয়াড' ১ম রাউন্ড আগামী ১ জানুয়ারি ২০২২ থেকে ১৫ জানুয়ারি ২০২২ সময়কালের অনুষ্ঠিত হবে। 'প্রাণিবিদ্যা অলিম্পিয়াড' এর প্রারম্ভিক ব্যয় নির্বাহের জন্য ৫,০০০/ (পঁচ হাজার টাকার চেক) এতদসঙ্গে প্রেরণ করা হল। ক্রেস্ট ও সার্টিফিকেট অত্র অনুষ্ঠানের পূর্বে আপনার নিকট প্রেরণ করা হবে। রেজিস্ট্রেশনের জন্য প্রতিযোগিদের কাছ থেকে জন প্রতি ১০০/ (একশত টাকা) গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে (আঞ্চলিক কমিটি ব্যয় নির্বাহের প্রয়োজনে রেজিষ্ট্রেসন ফি হ্রাস/ বৃদ্ধি করতে পারবেন)। প্রদত্ত টাকা দ্বারা প্রতিযোগিতার ব্যয় নির্বাহ করার জন্য অনুরোধ করছি। আপনার অবগতির জন্য **"প্রাণিবিদ্যা অলিম্পিয়াডের নির্দেশিকা"** প্রদান করা হল।

বাংলাদেশ প্রাণিবিজ্ঞান সমিতি '৮ম প্রাণিবিদ্যা অলিম্পিয়াড-২০২১' আয়োজনে আপনার ও আপনার প্রতিষ্ঠানের সহোযোগিতা কামনা করছে। পরবর্তী ব্যবস্থা গ্রহণে প্রয়োজনীয় তথ্যাদি এতদসংগে প্রেরণ করা হলো।

আপনার আস্থাভাজন,

**প্রফেসর ড. মোঃ লোকমান হোসেন**
আহ্বায়ক
প্রাণিবিদ্যা অলিম্পিয়াড-২০২১
Email: drlokmanhossain@yahoo.com
মোবাইল ফোন: ০১৭১১৩৫৮১৩২

**ড. তপন কুমার দে**
সাধারণ সম্পাদক
বাংলাদেশ প্রাণিবিজ্ঞাণ সমিতি

**অনুলিপি:**
১। মোঃ আশরাফুল কবির, অধ্যাপক ও বিভাগীয় প্রধান, প্রাণিবিদ্যা বিভাগ,এম.সি কলেজ, সিলেট।
২। মোঃ সেলিম, অধ্যাপক ও বিভাগীয় প্রধান, প্রাণিবিদ্যা বিভাগ, মৌলভীবাজার সরকারি, কলেজ, মৌলভিবাজার।

c/o Department of Zoology, University of Dhaka, Dhaka 1000, Bangladesh
Mobile: 880161 963 4955
email: zoologybangladesh@gmail.com, web: www.zsbd.org.bd

# ৮ম প্রাণিবিদ্যা অলিম্পিয়াড-২০২১

প্রাণিবিদ্যা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা ১০০০।

প্রাণিবিদ্যা বিষয়টি সার্বজনীন বিজ্ঞান বিষয় হওয়া সত্ত্বেও অন্যান্য বিজ্ঞান বিষয়ের মতো সমান গুরুত্ব পাচ্ছেনা এবং অনেক ক্ষেত্রেই তা অবহেলিত হচ্ছে। কৃষিপ্রধান নদীমার্তৃক বাংলাদেশে প্রাণিবিজ্ঞানের গুরুত্ব অপরিসীম। এমতাবস্থায়, প্রাণিবিজ্ঞানকে শিক্ষার্থীদের মধ্যে আরো বেশি পরিচিত করা এবং এই বিষয়টি ভবিষ্যতে দেশের কল্যাণে আরও ভালভাবে কাজে লাগানোর উদ্দেশ্য নিয়ে বাংলাদেশ প্রাণিবিজ্ঞান সমিতি এ বছর কোভিট-১৯ মহামারির মধ্যেও অলিম্পিয়াডের আয়োজন করতে যাচ্ছে। অলিম্পিয়াড হচ্ছে পাঠ্যক্রমে ও শিক্ষাক্রমের সমন্বিত অংশ যা শিক্ষার্থীদের জ্ঞান আহরণের ইচ্ছাকে শানিত করবে এবং তাদের অর্জিত জ্ঞানকে প্রায়োগিকক্ষেত্রে কাজে লাগাতে সহায়তা করবে।

**আঞ্চলিক অলিম্পিয়াড অনুষ্ঠান বিজয়ী নির্বাচন প্রক্রিয়াঃ**

অলিম্পিয়াড অনুষ্ঠানটি উচ্চ মাধ্যমিক এবং স্নাতক ও স্নাতকোত্তর দুটি পর্যায়ে অনুষ্ঠিত হয়। এতে ঢাকা-এ, ঢাকা বি, **ময়মনসিংহ, চট্রগ্রাম, সিলেট, রাজশাহী, খুলনা, রংপুর, বরিশাল ও কুমিল্লা অঞ্চলের কলেজ ও জাতীয় বিশ্ববিদ্যালয়সহ** সকল বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদ্যার শিক্ষার্থী অংশগ্রহণ করতে পারবে। তবে কোন প্রতিযোগী ০২ (দুই) বারের বেশি প্রতিযোগিতায় অংশ গ্রহণ করতে পারবে না।

**দুটি গ্রুপে অলিম্পিয়াডটি অনুষ্ঠিত হবেঃ**

**গ্রুপ 'ক'ঃ** সরকারি ও বেসরকারি কলেজের উচ্চমাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থী যারা জীববিজ্ঞান বিষয় নিয়ে অধ্যয়ন করছে।

**গ্রুপ 'খ'** ঃ সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নরত প্রাণিবিদ্যা বিষয়ের শিক্ষার্থী।

**রেজিষ্ট্রেশনঃ** আঞ্চলিক অলিম্পিয়াডে সরাসরি অংশ গ্রহনে ইচ্ছুক প্রতিযোগীকে ১০০/ (একশত) টাকা রেজিস্ট্রশন ফি প্রদাণ করতে হরে। online রেজিস্ট্রশন জন্য নাম অন্তর্ভুক্ত করতে হবে আগামী ৩০ ডিসেম্বর, ২০২১ এর মধ্যে (অনলাইন রেজিষ্টেশন ওয়েব সাইডঃ **www.zsbd.org.bd/Link: https://www.zsbd.org.bd/Zoology-Olympiad-23.html** )।
সংশ্লিষ্ট আঞ্চলিক সম্পাদকগণ নিজ নিজ অঞ্চলে আলাদা ভাবে অলিম্পিয়াডের তারিখ নির্ধারণ করবেন।

**প্রশ্ন তৈরী করার পদ্ধতিঃ**

বিষয় ভিত্তিক কুইজ প্রশ্ন নিয়ে অলিম্পিয়াডটি প্রতিযোগীতা সম্পন্ন হবে। এক্ষেত্রে 'ক' গ্রুপে বিভিন্ন বোর্ডের উচ্চ মাধ্যমিক শ্রেণির জীববিজ্ঞান ২য় পত্রের (প্রাণিবিদ্যা) পাঠ্যসূচী ও প্রাণিবিজ্ঞান বিষয়ক সাধারণ প্রশ্নাবলী এবং 'খ' গ্রুপে জাতীয় বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদ্যা বিষয়ের পাঠ্যসূচী ও প্রাণিবিজ্ঞান বিষয়ক সাধারণ প্রশ্নাবলী অনুসরণ করতে হবে।

**আঞ্চলিক অলিম্পিয়াড অনুষ্ঠানঃ**

অলিম্পিয়াডের জন্য প্রস্তুতকৃত প্রশ্ন ব্যাংক অনুসরণ পূর্বক প্রথম পর্যায়ে ১৫ জানুয়ারি ২০২২ তারিখের মধ্যে লিখিত পরীক্ষার মাধ্যমে প্রতি অঞ্চল হতে প্রথম ৬ জনকে প্রাথমিকভাবে নির্বাচিত করতে হবে। পরবর্তীতে উক্ত ৬ জনের (১০x৩=৩০ নম্বর) মৌখিক পরীক্ষা (কুইজ) নেয়া হবে। লিখিত ও মৌখিক পরীক্ষার নম্বর যোগ করে চুড়ান্ত প্রতিযোগিতার জন্য চ্যাম্পিয়ানও রানার্সআপ (মোট ২জন) বিবেচনা করা হবে।

প্রতি গ্রুপে প্রতি অঞ্চল হতে চ্যাম্পিয়ন ও রানার্সআপ নির্বাচন করা হবে। উল্লেখ্য, আঞ্চলিক প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন ও রানার্সআপ প্রতিযোগীকে ক্রেস্ট ও সনদপত্র প্রদান করা হবে।

**চূড়ান্ত অলিম্পিয়াড অনুষ্ঠানঃ**

চূড়ান্ত প্রতিযোগিতায় সর্বমোট ৬০ নম্বরের কুইজ প্রশ্ন (৩০ নম্বর লিখিত এবং ৩০ নম্বর মৌখিক) পরীক্ষার মাধ্যমে যাচাই করা হবে। চূড়ান্ত প্রতিযোগিতায় প্রতি গ্রুপে প্রতি অঞ্চল হতে (চ্যাম্পিয়ন ও রানার্স আপ) ০২ (দুই) জন করে সর্বমোট ২০ জন করে অংশগ্রহণকারী থাকবে। জাতীয় পর্যায়ের অলিম্পিয়াডে প্রতি গ্রুপ হতে বিজয়ী ও রানার্সআপ প্রতিযোগীকে ক্রেস্ট ও সনদপত্র প্রদান করা হবে। উল্লেখ্য, 'ক' ও 'খ' গ্রুপের সকল প্রতিযোগী সনদপত্র পাবে। চ্যাম্পিয়ন ও রানার্সআপ প্রতিযোগীকে বিশেষ পুরস্কার প্রদান করা হবে।

**কখন এবং কোথায় অলিম্পিয়াড অনুষ্ঠিত হবে?**

আঞ্চলিক প্রতিযোগিতা সংশ্লিষ্ট অঞ্চলে অনুষ্ঠিত হবে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট আঞ্চলিক বিচারক প্যানেল এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রাণিবিদ পরামর্শ করে তারিখ এবং স্থান নির্ধারণ করবেন। **আঞ্চলিক প্রতিযোগিতা ১৫ জানুয়ারি ২০২২ তারিখের মধ্যে শেষ করতে হবে।** চূড়ান্ত প্রতিযোগিতা আগামী ২৬ জানুয়ারি ২০২২, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাণিবিদ্যা বিভাগে অনুষ্ঠিত হবে।

**কীভাবে অলিম্পিয়াডটি পরিচালিত হবে?**

* **আঞ্চলিক ও চূড়ান্ত প্রতিযোগিতা পরিচালনার জন্য তিন জনের একটি বিচারক প্যানেল থাকবে।**
* বিশেষজ্ঞ প্রাণিবিদ দ্বারা কুইজ প্রশ্ন ব্যাংক তৈরী করা হবে।
* চূড়ান্ত প্রতিযোগিতায় অংশগ্রহণকারী 'ক' ও 'খ' গ্রুপে অংশ গ্রহণকারী সকল প্রতিযোগিকে (ঢাকার বাহির থেকে আগত) যাতায়াত ভাতা বাবদ ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা প্রদান করা হবে।
* অলিম্পিয়াড পরিচালনার ক্ষেত্রে বিচারক প্যানেলের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
* প্রতিযোগিতার কুইজ প্রশ্ন জনসম্মুখে প্রকাশ করা হবে।
* প্রতিযোগিতার ব্যয় নির্বাহের জন্য প্রতি অঞ্চলকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা আর্থিক অনুদান দেয়া হবে।

**অলিম্পিয়াডের অঞ্চলসমূহ এবং দায়িত্বপ্রাপ্ত প্রাণিবিদের সাথে যোগাযোগের টেলিফোন নাম্বার**

১. প্রফেসর **শরিফা সুলতানা** (ঢাকা-এ) ঃ ০১৮১৯ ২৪২৮৪৬, বিভাগীয় প্রধান, প্রাণিবিদ্যা বিভাগ, ঢাকা কলেজ, ঢাকা ও **ড. রিতা পারভীন**, ০১৭০৭ ৩৯৯৫০৬, সহযোগী অধাপক, ব্যানবেইস, ঢাকা,।
২. জনাব **মোঃ মঈন উদ্দিন আহসান হাবিব** (ঢাকা-বি) ঃ ০১৭১১ ৩০০৩০৮, প্রভাষক, জীববিজ্ঞান বিভাগ, নটরডেম কলেজ, ঢাকা
৩. প্রফেসর **মোঃ আশরাফুল**: ০১৭০৩-১০৫১৫২, বিভাগীয় প্রধান, প্রাণিবিদ্যা বিভাগ, এম. সি কলেজ, সিলেট
প্রফেসর **মোঃ সেলিম** (সিলেট)ঃ ০১৭১৫ ১০৯৬০৯, বিভাগীয় প্রধান, প্রাণিবিদ্যা বিভাগ, মৌলভীবাজার সরকারি কলেজ, মৌলভীবাজার।
৪. **প্রফেসর মোঃ আব্দুল জব্বার (খুলনা)**ঃ ০১৭১১ ৯৫৯০৮২, ভিগীয় প্রধান, প্রাণিবিদ্যা বিভাগ, খুলনা সরকারি মহিলা কলেজ, খুলনা।
৫. **প্রফেসর ড. মোহাম্মাদ ইকবাল (চট্টগ্রাম)**ঃ ০১৯১২ ১৫৩৮৫১, বিভাগীয় প্রধান, প্রাণিবিদ্যা বিভাগ চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম।
৬. **প্রফেসর ড. মোঃ গোলাম মুরতোজা (রাজশাহী)**ঃ ০১৭১৫৪৮৩০৫৫, প্রাণিবিদ্যা বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।
৭. জনাব **ফাহমিদা ইয়াসমিন** (ময়মনসিংহ)ঃ ০১৭১২ ১৬৯২২৩, প্রাণিবিদ্যা বিভাগ, সরকারি আনন্দ মোহন কলেজ, ময়মনসিংহ।
৮. জনাব **মোঃ মতিয়ার রহমান** (বরিশাল)ঃ ০১৭১২ ৫৬৯৭০৭, সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান, প্রাণিবিদ্যা বিভাগ, সরকারি বি. এম কলেজ, বরিশাল।
৯. জনাব **একেএম আল আব্দুল্লাহ** (রংপুর)ঃ ০১৭১২ ৫৯৮৭০৭, অধ্যাপক, সরকারি দিনাজপুর কলেজ, দিনাজপুর।
১০. **ড. মহিউদ্দিন মোঃ শাজাহান ভূঁইয়া (কুমিল্লা)**ঃ ০১৭২০ ৬২৬০৬০, প্রাণিবিদ্যা বিভাগ, ভিক্টোরিয়া সরকারি কলেজ, কুমিল্লা।


**(প্রফেসর ড. মোঃ লোকমান হোসেন)**
আহবায়ক
প্রাণিবিদ্যা অলিম্পিয়াড ২০২১
Email: drlokmanhossain@yahoo.com
মোবাইল ফোন: ০১৭১১৩৫৮১৩২

**(ড. তপন কুমার দে)**
সাধারণ সম্পাদক
বাংলাদেশ প্রাণিবিজ্ঞান সমিতি
মোবাইল: ০১৬১৯ ৬৩৪ ৯৫৫ (অফিস)
Email: zoologybangladesh@gmail.com